# আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধির সঙ্গে সাক্ষাতের সময় আপনার কি অধিকার আছে?

আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধি, যেমন পুলিশ অথবা FBI, ব্যাক্তি বিশেশের বাড়ী, উপাসনালয়, বা কাজের জায়গা অথবা অন্য কোনো জায়গায় আসতে পারে। আপনি তাদের প্রশ্নের জবাব দিতে আইনত বাধ্য নন।

### যদি আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধি আপনাকে প্রশ্ন করতে চায়, শান্ত থাকুন এবং নিম্নোক্ত বিষয়গুলি মনে রাখুন:

### * আপনার প্রত্যাখ্যান করার অধিকার আছে।

০ নাগরিক বা অনাগরিক সকলেরই নিরব থাকার অধিকার আছে।

### * আপনি একজন আইনজীবি সঙ্গে নেয়ার পূর্বপর্যন্ত নিরব থাকাই নিরাপদ।

০ আপনি একা জবাব দিতে গেলে আপনার জন্য, আপনার পরিবারের জন্য, বা আপনার কমিউনিটির জন্য, কোনো অনভিপ্রেত ফলাফল হতে পারে।

০ আপনি কোথায় জন্মেছেন বা আপনার বর্তমান অভিবাসন অবস্থা সংক্রান্ত কোনো প্রশ্নের জবাব দেবেন না।

### * আপনার আইনজীবির সঙ্গে যোগাযোগ করিয়ে দিন।

০ যদি কোনো আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধি আপনার সঙ্গে কথা বলতে চায় আপনি সবসময় বিনীত ভাবে প্রত্যাখ্যান করতে পারেন, এবং পরিস্কার ভাবে বলবেন, 'আমি কি আপনার যোগাযোগের ঠিকানা বা নম্বর (Business Card) পেতে পারি? আমার আইনজীবি আপনার সঙ্গে যোগাযোগ করবে।'

০ আপনার যদি আইজীবি নাও থেকে থাকে তবুও আপনি একথা বলতে পারেন। বিনা পারিশ্রমিকে আইনজীবির জন্য CLEAR-এর সঙ্গে যোগাযোগ করুন।

০ যদি আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধি চাপাচাপি করে তবে আপনি পূনর্বার একই কথা বলার জন্য তৈরী থাকুন। আপনাকে হয়ত একাধিকবার একই কথা বলতে হতে পারে।

## ঝুঁকির কথা ভুলবেন না

* আপনি যাকিছু বলুন না কেন আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধিরা তা আপনার অথবা অন্য কারো বিরুদ্ধে ব্যবহার করতে পারে।
* কেউ কেউ আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধির সঙ্গে মিথ্যে বলার অপরাধে গুরুতর অপরাধী বলে অভিযুক্ত হয়েছে। এমনকি কোন তথ্য ভুলে গেলে বা তথ্য ওলোটপালট করলে তা মিথ্যা বলে গনিত হতে পারে।

# যদি জনসম্মুখে আমার কাছে আসে?

আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধিরা কিছু কিছু কমিউনিটি প্রতিষ্ঠানে নজরদারী করতে আসে সন্ত্রাস বিরোধী কর্মকান্ড হিসবে। তারা উপাসনালয় বা অন্য জমায়েতে যেমন, রেস্টুরেন্টে লক্ষ্য রাখে, বা ব্যাক্তি বিশেষের কাজের জায়গায় পরিদর্শন করতে পারে।

* একজন আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধি যদি জনসম্মুখে আপনার সঙ্গে কথা বলতে চায়, আপনাকে তার সাথে কথা বলতে হবে না।
* আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধি আপনার নাম ঠিকানা জানার অধিকার রাখে। আপনাকে পরিচয় পত্র দিতে হবে না, তবে যদি পরিচয় পত্র চায়, আমাদের পরামর্শ, আপনি এমন কোনো পরিচয় পত্র দেবেন যাতে, অধিক তথ্য থাকবে না।। যেমন স্কুলের পরিচয় পত্র বা আপনার ছবি সহ ক্রেডিট কার্ড।
* অনাগরিকেরা অবশ্যই তাদের অভিবাসন অবস্থার প্রমান পত্র বহন করবেন।
* কোনো জাল পরিচয় পত্র বা জাল কাগজ সাথে রাখবেন না। তাহলে আপনার বিরুদ্ধে গুরুতর অপরাধের অভিযোগ আরোপ করা হতে পারে।
* যদি আইন প্রয়োগ কারী সংস্থার প্রতিনিধি আপনাকে প্রশ্ন করতে শুরু করে আপনি অবশ্যই উত্তর দিতে অস্বীকার করুন। আপনি বিনীত ভাবে এটা করতে পারেন। কিন্তু দৃঢ় ভাবে বলুন *"আমি কি আপনার সঙ্গে যোগাযোগের ঠিকানা বা নম্বর পেতে পারি? আমার আইনজীবি আপনার সঙ্গে যোগাযোগ করবে।"* তারা যদি প্রশ্ন করতেই থাকে আপনি বারবার একই কথা বলতে থাকুন।

* অনেকেই ভয় পান আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধির প্রশ্নের জবাব না দিলে যদি গ্রেপ্তার হয়। শুধুমাত্র প্রশ্নের জবাব না দেবার জন্য আইন প্রয়োগকারী সংস্থার লোক আপনাকে আইনত গ্রেপ্তার করতে পারে না।

# যদি আমি বাড়ীতে এ অবস্থার সম্মুখিন হই?

আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধি কখনো কখনো ব্যাক্তি মালিকানাধীন বাড়ীতে এসে প্রশ্ন করতে পারে বা তাদের সম্পদের তল্লাসী নিতে পারে। মনে রাখবেন, আপনাকে তাদের সঙ্গে কথা বলতে হবে না এবং আপনার বাড়ীতে ঢুকতে দিতে হবে না, যদি না তাদের কাছে তল্লাসীর পরোয়ানা থাকে।

* দরজা খুলবেন না। দরজার ভেতরে থেকেই পরোয়ানা দেখতে চান। তাদের বলুন দরজার নীচে দিয়ে পরোয়ানা ঢুকিয়ে দিতে।

* যদি মনে করেন আপনাকে দরজা খুলতে হবে, তাহলে বাইরে বেড়িয়ে দরজাটি বন্ধ করে দিন। তাদের আমন্ত্রন জানাবেন না বা ঢুকতে দিবেন না।
* কর্মকর্তা প্রশ্ন ক'রে আপনার অনুমতি নেবার চেষ্টা করতে পারে যেমন, 'আমি কি ভিতরে আসতে পারি?' যদি তারা আপনার বাড়ী দেখতে বা তল্লাসী করতে চায়, আপনি 'না' বলুন। যদি তারা তারপরও কোনো ভাবে তল্লাসী করে, আপনি বলুন, "এই তল্লাসীতে আমি সম্মত নই।" ঘটনার সম্ভাব্য কোন সাক্ষী অথবা আলামতের তথ্য লিখে রাখুন।
* যদি তারা আপনাকে প্রশ্ন করতে চায় তবে বিনীত এবং দৃঢ় ভাবে বলুন "আমি কি আপনার যোগাযোগের ঠিকানা বা ফোন

নম্বর পেতে পারি? আমার আইনজীবি আপনার সঙ্গে যোগাযোগ করবেন।" অন্য কোনো প্রশ্নের জবাব দেবেন না। যত শিঘ্র সম্ভব CLEAR -এর সঙ্গে যোগাযোগ করুন।

### যদি তাদের কাছে পরোয়ানা থাকে?

পরোয়ানা দেখতে চান। ভালো করে দেখুন এটা তল্লাসীর পরোয়ানা না গ্রেপ্তারীর পরোয়ানা। এতে বিচারকের স্বাক্ষর ও সাম্প্রতিক তারিখ থাকতে হবে। যদি তাদের কাছে পরোয়ানা থাকে, তবু আপনি চুপ করে থাকুন এবং কোনো প্রশ্নের জবাব দেবেন না।

* তল্লাসী পরোয়ানা: দেখতে হবে সঠিক নাম, ঠিকানা এবং তারিখ উল্লেখ আছে কিনা। যদি কোনো ভুল থাকে, সেটা প্রতিনিধিকে দেখান। আপনি তল্লাসী দেখার দাবী জানান এবং যেসব জিনিস নেয়া হচ্ছে তা লিখে রাখুন। যেসব জায়গা তল্লাসী পরোয়ানায় উল্লেখ করা নেই, সেসব জায়গায় তল্লাসী করতে দেবেন না।

* গ্রেপ্তারী পরোয়ানা: নিরব থাকুন এবং আপনার আইনজীবিকে ফোন করুন, অথবা আদালত নিয়োজিত আইনজীবির সঙ্গে সাক্ষাতের অপেক্ষা করুন।

## যদি আমাকে গাড়ী সহ থামানো হয়?

অপনাকে যদি থামানো হয় তবে গাড়ীর ভিতরে থাকুন এবং আপনার হাত স্টিয়ারিং হুইলের উপর রাখুন যাতে আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধিরা তা দেখতে পায়।

* যদি আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধি দেখতে চায় তবে আপনার লাইসেন্স, রেজিস্ট্রেশন, ইন্স্যুরেন্সের কাগজ ও আপনার নাম ঠিকানা দেবেন।

* উপরের প্রাসঙ্গিক বিষয় ছাড়া কোনো প্রশ্নের জবাব দেবেন না আথবা গাড়ী চালনার বিষয় ছাড়া অন্য কোনো প্রশ্নের জবাব দেবেন না। যেমন, আপনার গাড়ীর সিগনাল লাইট (Blinker) সংক্রান্ত কোনো প্রশ্ন জানতে চাইলে জবাব দেবেন। কিন্তু যদি জানতে চায়, *"আপনি কোথা থেকে এসেছেন?"* আপনি জবাব দিতে বাধ্য নন। যদি আপনাকে প্রশ্ন করতে শুরু করে তাহলে বিনীত এবং দৃঢ় ভাবে বলুন, *"আমি আপনার প্রশ্নের জবাব দেব না, আমার আইনজীবি আপনার সঙ্গে যোগাযোগ করবে"*।

তারা যদি আপনার গাড়ী তল্লাসী করতে চায় আপনি "না" বলুন। যদি কোনো ভাবে আপনার গাড়ী তল্লাসী করে তবে উচ্চস্বরে, পরিস্কার করে বলুন, *"আমি এই তল্লাসীতে সম্মত নই।"* সকল সম্ভাব্য সাক্ষীর তথ্য লিখে রাখুন। যেমন, গাড়ীর অন্যান্য যাত্রী বা যারা দাঁড়িয়ে দেখছিল। তারা প্রমান করবে আপনি উচ্চস্বরে তল্লাসীতে সম্মতি দেন নাই।

## আমাকে যদি "সাক্ষাৎকার"এর জন্য ডাকা হয়?

আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধিরা নিয়মিত সাক্ষাৎকারের জন্য বিভিন্ন জনকে ডাকে। কখনো কখনো তারিখ নির্ধারন করে দিয়ে ডাকে, যাতে মনে হয় এটা বাধ্যতামূলক। আপনি তাদের সঙ্গে কথা বলতে বাধ্য নন। আইনজীবির সহযোগিতা ছাড়া তাদের সঙ্গে কথা বলা ঝুঁকিপূর্ন। তাদের সঙ্গে যোগাযোগের ঠিকানা বা ফোন নম্বর চেয়ে নিন এবং বলুন আপনার আইরজীবি এই সাক্ষাৎকারের ব্যাপারে তাদের সঙ্গে যোগাযোগ করবে। CLEAR -এর সঙ্গে যোগাযোগ করুন। এবং আপনার বিকল্প উপায়গুলো নিয়ে আলোচনা করুন।

## যদি আমি গ্রেপ্তার হই?

আপনার নিরব থাকার অধিকার ব্যবহার করুন। আপনার আইনজীবির সঙ্গে কথা বলার জন্য অনুরোধ করুন। যত জন কর্মকর্তার সাথে আপনার সাক্ষাৎ হবে প্রত্যেককে আপনি এই অনুরোধ করবেন যে, আপনি আপনার আইনজীবির সঙ্গে কথা বলতে চান।

### আইনগত সাহায্যের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন

যদি আইনগত সাহায্য, পরামর্শ বা সুপারিশ প্রয়োজন হয়, CLEAR -এর সঙ্গে যোগাযোগ করুন। আমরা আইন প্রয়োগকারী সংস্থার লোকের প্রশ্ন বা তদন্তের ব্যাপারে এবং গ্র্যান্ড জুরি সাবপিনা মামলা, দানদক্ষিনা, ভ্রমন সহ অনেক বিষয়ে ব্যাক্তি বিশেষের প্রতিনিধিত্ব করি, এবং পরামর্শ দিয়ে থাকি। আমরা বিনা পারিশ্রমিকে কাজ করে থাকি।

### সচেতনতা বৃদ্ধি করুন

এ প্রসঙ্গে আপনার মসজিদ বা কমিউনিটি সেন্টারে CLEAR-এর সহযোগিতায় বিনা খরচে কর্মশালা আয়োজন করুন।

# আপনার অধিকার জেনে নিন

### আইন প্রয়েগকারী সংস্থার সঙ্গে আদান প্রদানের সময় কি করা উচিৎ

৯/১১ পরবর্তী সময়ে সরকার মুসলমান, আরব ও দক্ষিন এশিয়দের উপর নজরদারী ও জিজ্ঞাসাবাদ বাড়িয়েছে। এই পুস্তিকা আপনাকে যদি FBI, NYPD, Immigration অথবা অন্য আইন প্রয়োগকারী সংস্থার জেরার সময় আপনার অধিকার কি সে বিষয়ে তথ্য সরবরাহ করবে।

CLEAR

CREATING
LAW
ENFORCEMENT
ACCOUNTABILITY &
RESPONSIBILITY

**CLEAR SERVICES ARE PROVIDED FREE OF CHARGE.**
For more information, or to request support:

(718) 340-4558 | cunyclear@law.cuny.edu
www. cunyclear.org

CUNY SCHOOL OF LAW
MAIN STREET LEGAL SERVICES

Bangla - Law Enforcement